# এনডিপি বার্তা

সংখ্যা ১৮ । বর্ষ ১০ । অক্টোবর - ডিসেম্বর, ২০১৮

## সূ চি প ত্র


- অভিযাত্রা প্রকল্পের শিক্ষা মেলা ১
- পাবনা জেলা প্রশাসকের কর্মসূচি পরিদর্শণ
- সিরাজগঞ্জে আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত
- জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় অংশগ্রহণ ২
- উজ্জীবিত প্রকল্পের বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়
- প্রবীণ কল্যাণ কর্মসূচির সদস্যের মৃত্যুতে দোয়া মাহফিল
- সৌহার্দ্য III কর্মসূচির সদস্যের জয়িতা পুরস্কার ৩
- ভ্যালু চেইন কর্মসূচির "এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি" ক্যাম্পেইন
- ঋণ সহায়তা কর্মসূচির ৫৩তম শাখা উদ্বোধন
- অক্টোবর-ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে শুরু বা শেষ প্রকল্প ৪
- "ওয়ালিয়া শিমুল সমিতি'র দ্বিতীয় বার্ষিক সাধারণ সভা
- স্বাস্থ্যসেবা কর্মসূচির স্বাস্থ্য ক্যাম্পেইন
- এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি ৫
- সমৃদ্ধি কর্মসূচির বিশেষ সঞ্চয়কারীদের অনুদান প্রদান
- সিজিবিভি প্রকল্পের পথ নাটক
- জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির পথ নাটক প্রদর্শণ ৬
- সমৃদ্ধি কর্মসূচির বিনামূল্যে চোখের ছানী অপারেশন
- বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালন
- প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ ৭
- সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির ঐতিহ্যবাহী লাঠি খেলা
- কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ৮


## সম্পাদনা পরিষদ


***সম্পাদক ঃ***

মোঃ আলাউদ্দিন খান
নির্বাহী পরিচালক

***প্রণয়নে ঃ***

ড. এবিএম সাজ্জাদ হোসেন
পরিচালক (পিআরএম)

মোল্লা আব্দুল্লাহ আল মেহদী
ম্যানেজার (রিসার্চ এন্ড ডকুমেন্টেশন)

***প্রকাশনায় ঃ***

রিসার্চ এন্ড ডকুমেন্টেশন বিভাগ
ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি


## অভিযাত্রা প্রকল্পের শিক্ষা মেলা




*পিকেএসএফ'র চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ, গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, এনডিপির চেয়ারপারসন আলেয়া আখতার বানু এবং অন্যান্য অতিথিবৃন্দ*

১৩ ডিসেম্বর ২০১৮ অভিযাত্রা প্রকল্পের উদ্যোগে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলায় শিক্ষা মেলা অনুষ্ঠিত হয়। পিকেএসএফ ও গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় পাইকশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রধান অতিথি পিকেএসএফ'র চেয়ারম্যান ড. কাজী খলীকুজ্জমান আহমদ মেলার শুভ উদ্বোধন করেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণসাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক ও তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরী, পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. মো. জসিম উদ্দীন, পিকেএসএফ এর সাধারণ পর্ষদ সদস্য ও বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক শফি আহমেদ, কামারখন্দ উপজেলা নির্বাহী কর্মকতা মো. জাহাঙ্গীর আলম। সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট চার্টার্ড এ্যাকাউন্ট্যান্ট মো. আব্দুল হাফিজ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক শিক্ষক অধ্যাপক ড. জাহেদা আহমদ, এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। আরো উপস্থিত ছিলেন ঝাঐল ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মো. আব্দুল আউয়াল, এসএমসি কমিটির সভাপতি মো. গোলজার হোসেন, ২১টি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক শিক্ষিকাবৃন্দ, ছাত্র-ছাত্রী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ। এনডিপির চেয়ারপারসন আলেয়া আখতার বানু এর সভাপতিত্বে স্বাগত বক্তব্য প্রদান করেন এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান। শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন কোনাবাড়ি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সাইফুল ইসলাম। অভিযাত্রা প্রকল্পের অর্জন উপস্থাপন করেন পাইকোশা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারি শিক্ষিকা সালমা খাতুন। প্রকল্পের ভবিষ্যৎ কর্ম পরিকল্পনা উপস্থাপন করেন ঝাঐল ইউনিয়ন শিক্ষা উন্নয়ন কমিটির সদস্য মো. রফিকুল ইসলাম। শিক্ষার্থীদের মধ্যে বক্তব্য রাখেন শাহবাজপুর ময়নাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের পঞ্চম শ্রেনির ছাত্রী আতিয়া সুলতানা এবং বড়ধুল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৪র্থ শ্রেণির ছাত্র আহমেদ আলী নেওয়াজ। প্রধান অতিথি বলেন- ছাত্রছাত্রীদের কিভাবে বিদ্যালয়ে আসতে আগ্রহী করা যায় ও ঝড়েপড়ার হার কমানো যায় সে বিষয়ে সরকারি/বেসরকারি সংস্থা, শিক্ষক, অভিভাবক, কমিউনিটি সবাই মিলে কাজ করতে হবে। শিক্ষার্থীর মনের চাহিদা বুঝতে হবে এবং সেই অনুযায়ী করণীয় ঠিক করতে হবে। শুধু ধরাবাধা কিছু পড়ালে শিক্ষার প্রকৃত উন্নয়ন সম্ভব নয়। অনুষ্ঠানটি সঞ্চালনার দায়িত্ব পালন করেন রাশেদা কে চৌধুরী। মেলায় শ্রেষ্ঠ ৩টি ষ্টলকে পুরস্কৃত করা হয় এবং অন্যান্য ষ্টলগুলোকে সম্মাননা পুরস্কার দেওয়া হয়। পুরস্কার বিতরণ শেষে সভাপতি প্রথম পর্বের সমাপ্তি এবং দ্বিতীয় পর্বের উদ্বোধন ঘোষণা করেন। দ্বিতীয় পর্বে সকল ছাত্র ছাত্রীদের নিয়ে ক্রীড়া প্রতিযোগীতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় দৌড়, মোরগ লড়াই, বিস্কুট দৌড়, দড়ি খেলা ইত্যাদি অনুষ্ঠিত হয়।

NDP
এনডিপি বার্তা
সংখ্যা ১৮। বর্ষ ১০। অক্টোবর - ডিসেম্বর, ২০১৮

## পাবনা জেলা প্রশাসকের সমৃদ্ধি ও প্রবীনদের জীবনমান উন্নয়ন কর্মসূচি পরিদর্শণ

২৬ নভেম্বর ২০১৮ পাবনা জেলা প্রশাসক মো. জসিম উদ্দীন বেড়া উপজেলার চাকলা ইউনিয়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর সহযোগিতায় এনডিপি বাস্তবায়িত সমৃদ্ধি ও প্রবীনদের জীবনমান উন্নয়ন কর্মসূচির বিভিন্ন কার্যক্রম সরেজমিনে পরিদর্শন করেন। এর মধ্যে সমৃদ্ধি কেন্দ্র ঘর উদ্বোধন, ভিক্ষুক পুনর্বাসনে অনুদান হিসেবে উদ্যমী সদস্য ১ জনকে ১,০০,০০০ (এক লক্ষ) টাকা প্রদান, বিশেষ সঞ্চয়ে অনুদান হিসেবে ৫ জনকে ৮৪,২৬৬ (চুরাশি হাজার দুইশত ছিষট্টি) টাকা প্রদান, মৃত ব্যক্তির সৎকারে অনুদান হিসেবে ৩ জনকে ৬,০০০ (ছয় হাজার) টাকা প্রদান, কিশোরী ক্লাবে ক্যারম বোর্ডসহ অন্যান্য উপকরণ বিতরণ কার্যক্রম এবং রাস্তার পাশে তালগাছ রোপন উল্লেখযোগ্য। কার্যক্রম পরিদর্শন শেষে তিনি আলোচনা সভায় পাবনা জেলায় বাস্তবায়িত এনডিপির অন্যান্য কার্যক্রম সম্পর্কে অবগত হন এবং সরকারের পাশাপাশি উন্নয়নমূলক কাজে অবদান রাখায় এনডিপি'র প্রশংসা করেন। প্রধান অতিথি এনডিপিকে পাবনা জেলাকে আরও বেশি গুরুত্ব দিয়ে উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়নের আহ্বান জানান। তাঁর সাথে আরো উপস্থিত ছিলেন বেড়া উপজেলা পরিষদ চেয়ারম্যান মো. আব্দুল কাদের, বেড়া উপজেলা নির্বাহী কর্মকর্তা আসিফ আনাম সিদ্দিকী, ৪ নং চাকলা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মো. ফারুক হোসেন, এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, উপ-পরিচালক (ঋণ সহায়তা কর্মসূচি) মোসলেম উদ্দীন আহমেদ, সমৃদ্ধি কর্মসূচি সমন্বয়কারি চিন্ময় কুমারসহ এনডিপির অন্যান্য কর্মকর্তাবৃন্দ।



*পাবনা জেলা প্রশাসক মো. জসিম উদ্দীন বক্তব্য দিচ্ছেন*

## সিরাজগঞ্জে আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালিত




**"সমতা, ন্যায়বিচার ও মানব মর্যাদার জন্য দাঁড়াই"** এই প্রতিপাদ্যকে সামনে রেখে Empowering Local Actors in Promoting Rights of Excluded People (ELAPREP) প্রকল্পের উদ্যোগে সিরাজগঞ্জ জেলায় ১০ ডিসেম্বর ২০১৮ আন্তর্জাতিক মানবাধিকার দিবস পালন করা হয়। দিবসটি পালন উপলক্ষ্যে সিরাজগঞ্জ শহরের বাজার স্টেশনের মুক্তির সোপান থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি শহর প্রদক্ষিণ করে চৌরাস্তা মোড়ে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে ১২টি বেসরকারি উন্নয়ন সংস্থা আলোচনা সভায় অংশগ্রহণ করেন। এমডিও এর নির্বাহী পরিচালক মো. মাসুদ আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন এনডিপির সহকারি পরিচালক (এমএন্ডই) কাজী মাসদুজ্জামান, সুক এর নির্বাহী পরিচালক মো. আনোয়ার হোসেনসহ দীপসেতু, কেপিইউএস, আরচেস, এনডিপির কর্মকর্তাগণ, সুশীল সমাজের ব্যাক্তি বর্গ, সাংবাদিক, ছাত্র/ছাত্রী, শিক্ষক/শিক্ষিকাবৃন্দ। উল্লেখ্য, ইউএনডিপি এর অর্থায়নে ও এনডিপি'র নেতৃত্বে সিরাজগঞ্জ জেলার ১২ টি বেসরকারী উন্নয়ন সংস্থা নিয়ে গঠিত সিভিল সোসাইটি অর্গানাইজেশন CSO Coalitions on Human Rights of Sirajganj District **"সমাজের বঞ্চিত মানুষের অধিকার উন্নয়নে স্থানীয় সেবাদানকারীদের ক্ষমতায়নে"** বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করছে।

## জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় অংশগ্রহণ

৪ থেকে ৬ অক্টোবর ২০১৮ সিরাজগঞ্জ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলা ২০১৮ এ ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি স্বত:স্ফুর্তভাবে অংশগ্রহণ করে। মেলায় এনডিপির জন্য বরাদ্দকৃত ষ্টলে বিভিন্ন প্রকল্প/কর্মসূচির উন্নয়নের চিত্র তুলে ধরা হয়। এর মধ্যে উজ্জীবিত প্রকল্পের আদর্শ উজ্জীবিত বাড়ি, বায়োগ্যাস প্রকল্পের বায়োগ্যাস প্লান্ট, কৃষি ও প্রাণিসম্পদ ইউনিটের মাঁচা পদ্ধতিতে ছাগল পালন, গরু মোটাতাজাকরণের আধুনিক পদ্ধতি, ফলজ ও ঔষধি গাছ চাষ, টার্কি পালনের নিয়ম, ডেইরি ভ্যালু চেইন প্রকল্পের ভার্মি ও পীট কম্পোষ্ট তৈরি পদ্ধতি, উন্নত জাতের ঘাস চাষ, স্বাস্থ্যসেবা কর্মসূচির প্রাথমিক স্বাস্থ্য বিষয়ক সেবা, জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির নারীর প্রতি সহিংসতা, নির্যাতন, যৌতুক ও বাল্যবিবাহ প্রতিরোধে করণীয় বিষয়ক প্রচার, এনডিপি কর্তৃক বাস্তবায়িত প্রকল্প/কর্মসূচির সংক্ষিপ্ত পরিচিতি ইত্যাদি উল্লেখযোগ্য। মেলায় আগত দর্শনার্থীদের মধ্যে আদর্শ উজ্জীবিত বাড়ি ব্যাপক সাড়া ফেলে। এছাড়া নাটোর ও পাবনা জেলায়ও এনডিপি উন্নয়ন মেলায় অংশগ্রহণ করে।



*সিরাজগঞ্জ জেলা প্রশাসন কর্তৃক আয়োজিত উন্নয়ন মেলায় বরাদ্দকৃত এনডিপি'র ষ্টল*

NDP

এনডিপি বার্তা

সংখ্যা ১৮ । বর্ষ ১০ । অক্টোবর - ডিসেম্বর, ২০১৮

## উজ্জীবিত প্রকল্পের প্রাথমিক বিদ্যালয় ফোরামের ছাত্র/ছাত্রীদের বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয়

৯ অক্টোবর ২০১৮ তারিখে উজ্জীবিত প্রকল্পের উদ্যোগে প্রাথমিক বিদ্যালয় ফোরামের ছাত্র/ছাত্রীদের জন্য বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ক্যাম্প অনুষ্ঠিত হয়। ক্যাম্পটির মাধ্যমে ২৪২ জন ছাত্র/ছাত্রীর রক্তের গ্রুপ নির্ণয় করা হয়। ইউরোপিয়ান ইউনিয়নের অর্থায়নে পরিচালিত এবং পিকেএসএফ এর সহযোগিতায় ইউপিপি উজ্জীবিত প্রকল্পের উদ্যোগে ঋণ সহায়তা কর্মসূচির হাটিকুমরুল শাখার ব্যবস্থাপনায় স্থানীয় চড়িয়াকান্দিপাড়া দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সকাল ০৯:৩০ টায় ক্যাম্পটি শুরু হয়ে বিকাল ০৪:০০ টা পর্যন্ত চলে। কার্যক্রমটির শুভ উদ্বোধন করেন চড়িয়াকান্দিপাড়া দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. আবদুর রশিদ। উদ্বোধনী বক্তব্যে তিনি বলেন, জরুরী রক্তের প্রয়োজনে প্রতিটি মানুষের আগে থেকেই রক্তের গ্রুপ জানা প্রয়োজন। রক্তের গ্রুপ জানা থাকলে খুব দ্রুত রক্তের যোগান দেওয়া সম্ভব হয়। এতে অনেকের সংকটময় জীবন সুস্থতা পেতে পারে। তিনি বলেন, আমি এনডিপিকে ধন্যবাদ দিতে চাই কারণ আমাদের এই প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র/ছাত্রীদের জন্য বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় করে কার্ড বিতরণ করায় প্রয়োজনীয় মুহূর্তে রক্তের চাহিদা মেটানো সহজ হবে। উল্লেখ্য, বিনামূল্যে রক্তের গ্রুপ নির্ণয় ক্যাম্প আয়োজনের পাশাপাশি চড়িয়াকান্দিপাড়া দক্ষিণ সরকারি প্রাথমিক বিদ্যালয়কে **"বিদ্যালয় ফোরাম"** হিসেবে নির্বাচন করা হয়। এজন্য বিদ্যালয়টিকে ১টি ডিজিটাল ওয়েট মেশিন, ১টি পেনাফ্লেক্সে মুদ্রিত সুষম খাদ্যের চার্ট, ১টি গ্রোথ চার্ট এবং ১টি উচ্চতা মাপার স্কেল প্রদান করা হয়। উপকরণগুলোর মাধ্যমে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পুষ্টিগত অবস্থা জানা যাবে এবং তদুপরি কি ধরণের পুষ্টি সমৃদ্ধ খাবার গ্রহণ করতে হবে তা সেশনের মাধ্যমে জানিয়ে দেয়া হবে।




## প্রবীণ কল্যাণ কর্মসূচির সদস্যের মৃত্যুতে দোয়া মাহফিল




২৬ ডিসেম্বর ২০১৮ বাদ আছর এনডিপি প্রবীণ কল্যাণ কর্মসুচির উদ্যোগে সিরাজগঞ্জ শহরের থানা রোডস্থ কার্যালয়ে প্রবীণ কল্যাণ কর্মসূচি কার্যালয়ে সদস্য এ. আর. এম মাহবুবুল আলম লিয়াকত এর মৃত্যুতে রুহের মাগফিরাত কামনায় দোয়া মাহফিলের আয়োজন করা হয়। মাহফিল অনুষ্ঠানে তার জীবনের বিভিন্ন দিক তুলে ধরে বক্তব্য রাখেন এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, সহকারি পরিচালক (কর্মসূচি) জুবায়ের জাহান খান, মরহুমের ছোট ভাই সাবেক পৌরসভা চেয়ারম্যান টি আর এ নূরে আলম হেলাল এবং প্রবীণ সদস্য ডাঃ মো. আব্দুল কাদের। দোয়া অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন এনডিপির ম্যানেজার (রিচার্স এন্ড ডকুমেন্টশন) মোল্লা আব্দুল্লাহ আল মেহদী, প্রোগ্রাম অফিসার ফজল করিম (সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচি) ও ৫০/৬০ জন প্রবীণ সদস্যবৃন্দ। উল্লেখ্য বেসরকারি উন্নয়ন সংস্থা ন্যাশনাল ডেভেলপমেন্ট প্রোগ্রাম-এনডিপি নিজস্ব অর্থায়নে সিরাজগঞ্জ সদর উপজেলায় ২০১৫ সাল হতে প্রবীণদের জীবনমান উন্নয়নে প্রবীণ কল্যাণ কর্মসূচি বাস্তবায়ন করছে।

## সৌহার্দ্য III কর্মসূচির একতাদলের ৫ সদস্যের জয়িতা সম্মাননা পুরস্কার লাভ

**"জয়িতা অন্বেষনে বাংলাদেশ"** এর আওতায় বাংলাদেশ মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রনালয়ের সিরাজগঞ্জ মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক ৯ ডিসেম্বর ২০১৮ জেলা ও উপজেলা পর্যায়ে জয়িতা সম্মাননা পুরস্কার প্রদান অনুষ্ঠিত হয়। ৫টি ক্যাটাগরিতে জেলা পর্যায়ে ৫ জন নারীকে এবং শাহ্জাদপুর, চৌহালি ও বেলকুচি উপজেলায় ৫ জন করে মোট ২০ জন নারীকে জয়িতা সম্মাননা পুরস্কার প্রদান করা হয়। এর মধ্যে এনডিপি বাস্তবায়িত সৌহার্দ্য III কর্মসূচির একতা দলের ৫ নারী বিভিন্ন ক্যাটাগরিতে জয়িতা সম্মাননা পুরস্কার লাভ করেন। চৌহালি উপজেলার খাষকাউলিয়া ইউনিয়নের কুরকী গ্রামের মোছা. নাজমা **"জেলা পর্যায়ে সমাজ উন্নয়নে অবদান রেখেছেন যে নারী"** ক্যাটাগরিতে পুরস্কার পান। এছাড়া শাহজাদপুর উপজেলার জালালপুর ইউনিয়নের পাড়া মোহনপুর গ্রামের মোছা. মরিয়ম বেগম সরে এবং বেলকুচি উপজেলার দৌলতপুর ইউনিয়নের তেয়াশিয়া গ্রামের মোছা. বুলবুলি বেগম **"নির্যাতনের বিভীষিকা মুছে ফেলে নতুন উদ্যোমে জীবন শুরু করেছেন যে নারী"** ক্যাটাগরিতে উপজেলা পর্যায়ে পুরস্কার পান। অন্যদিকে বেলকুচি উপজেলার দৌলতপুর ইউনিয়নের ভাঙ্গাবাড়ি গ্রামের অলোকা রানী ও চৌহালি উপজেলার খাষকাউলিয়া ইউনিয়নের মধ্য জোতপাড়া গ্রামের মোছা. বানেছা বেগম **"অর্থনৈতিকভাবে সাফল্য অর্জনকারী নারী"** ক্যাটাগরিতে জয়িতা পুরস্কার পান। জেলা পর্যায়ে জয়িতা পুরস্কার প্রদান অনুষ্ঠানে জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা প্রধান অতিথি হিসেবে বলেন, সমাজে অনেক নারী আছেন যারা অনেক কষ্ট করে জীবনে সফলতা অর্জন করেছেন। আবার অনেকে আছেন যারা সুযোগের অপেক্ষায় তাদের সক্ষমতা প্রকাশ করতে পারছেন না। এসকল অসহায় নারীদের পাশে এনডিপি'র এগিয়ে আসায় ধন্যবাদ দিচ্ছি। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেলকুচি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ওলিউজ্জামান, চৌহালি উপজেলা নির্বাহী কর্মকর্তা মো.সানোয়ার হোসেন, শাহজাদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নাজমুল হুসাইন খান, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কানিজ ফাতেমা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ। উপজেলা পর্যায়ে বেলকুচি উপজেলা পরিষদ চেয়ারম্যান মোহাম্মদ আলী আকন্দ, শাহজাদপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান প্রফেসর আজাদ রহমান এবং স্ব স্ব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।



*মোছা. নাজমা "জেলা পর্যায়ে সমাজ উন্নয়নে অবদান রেখেছেন যে নারী" ক্যাটাগরিতে পুরস্কার পান*

## ডেইরি ভ্যালু চেইন কর্মসূচির উদ্যোগে “এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি” ক্যাম্পেইন

২০ ডিসেম্বর ২০১৮ এনডিপি বাস্তবায়িত ডেইরি ভ্যালু চেইন কর্মসূচির উদ্যোগে সিরাজগঞ্জ সদর উপজেলার পিপুলবাড়িয়া বাজারে **“এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি”** ক্যাম্পেইনের উদ্বোধন করেন পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের উপ-ব্যবস্থাপক মজনু সরকার ও এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল। উদ্বোধনী অনুষ্ঠানে মজনু সরকার বলেন, অজ্ঞতার কারণে মানুষের দিন দিন দুধ খাওয়ার অভ্যাস কমে যাচ্ছে। ফলে নানা রোগ-ব্যধিতে আক্রান্ত হয়ে মানুষ কর্মক্ষমতা হারিয়ে ফেলছে। অন্যদিকে লোকজন গাভী পালনেও আগ্রহ হারাচ্ছে। ফলে গ্রামীণ জনগোষ্ঠীর প্রধান আয়ের উৎস গাভী পালন হুমকির মুখে পড়ছে। তাই পিকেএসএফএর অর্থায়নে “ডেইরি ভ্যালুচেইন কর্মসূচির” একটি প্রচারণামূলক কার্যক্রম হিসেবে **“এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি”** চালু করেছে। কর্মসূচির উপকারভোগী এবং মাঠ পর্যায়ের কর্মকর্তা চলমান কার্যক্রমটিতে জনগণের স্বত:স্ফুর্ত অংশগ্রহণ প্রসঙ্গে বলেন, এই কার্যক্রমের মাধ্যমে দিন দিন মানষের দুধ খাওয়ার অভ্যাস বৃদ্ধি পাবে এবং কৃষকরা গাভী পালনে আরো বেশি আগ্রহী হবে ও দুধের উপযুক্ত মূল্য পাবে। মজনু সরকার আরও বলেন **“এক কাপ দুধ খেলে এক কাপ চা ফ্রি”** পর্যায়ক্রমে কর্মসূচি বাস্তবায়িত এলাকার সব জায়গাতেই শুরু করা হবে। ক্যাম্পেইনে আরো উপস্থিত ছিলেন কর্মসূচির সিনিয়র ভ্যালুচেইন ফ্যাসিলিটেটর ডাঃ মো. তৌফিকুল হক এবং প্রকল্পের অন্যান্য সিনিয়র কর্মকর্তাবৃন্দ।




*পল্লী কর্ম-সহায়ক ফাউণ্ডেশনের উপ-ব্যবস্থাপক ও এনডিপির পরিচালক (কর্মসূচি) ক্যাম্পেইনের উদ্বোধন করছেন*

## ঋণ সহায়তা কর্মসূচির ৫৩তম শাখা উদ্বোধন



*রায়গঞ্জ ইউএনও, রায়গঞ্জ পৌরসভার মেয়র, ধানগড়া ইউপি চেয়ারম্যান ও ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক এক সদস্যকে ঋণ প্রদান করছেন*

সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জ উপজেলার ধানগড়া চৌরাস্তায় ২৯ নভেম্বর ২০১৮ এনডিপি বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচির ৫৩তম শাখা উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা শামীমুর রহমান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রায়গঞ্জ পৌরসভার মেয়র মো. আব্দুল্লাহ আল পাঠান, ধানগড়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মীর ওবায়দুল ইসলাম। ঋণ সহায়তা কর্মসূচির উপ-পরিচালক মোসলেম উদ্দিন আহমদ এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন, এনডিপি বরাবরই সিরাজগঞ্জসহ এর আশেপাশের জেলায় সরকারের পাশাপাশি বিভিন্ন ধরনের উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করছে। এজন্য তিনি এনডিপিকে ধন্যবাদ জানান এবং অন্যান্য সংস্থাকেও সরকারের উন্নয়নের সাথে সমন্বয় করে দেশ ও দেশের মানুষের উন্নয়নে কাজ করার আহবান জানান। তিনি ঋণ সহায়তা কর্মসূচির কয়েকজন সদস্যের মাঝে গরু মোটাতাজাকরণ খাতে ঋণ বিতরণ করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন ঋণ সহায়তা কর্মসূচির সহকারি পরিচালক মো. সাইফুল ইসলাম, ইইএস প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী মো. আবু আনেছ ইউসুফ, ঋণ সহায়তা কর্মসূচির এলাকা ব্যবস্থাপক আজাহার আলী, শাখা ব্যবস্থাপক মো. হাফিজুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

## অক্টোবর-ডিসেম্বর ২০১৮ খ্রিষ্টাব্দ সময়ের মধ্যে প্রকল্প শুরু বা শেষ হয়েছে তার সংক্ষিপ্ত বিবরণ

| ক্র: নং | প্রকল্পের নাম | দাতা সংস্থার নাম | কর্ম এলাকা | সময়কাল | উদ্দেশ্য |
|---|---|---|---|---|---|
| ০১. | Urban Management of Internal Migration due to Climate Change (UMIMCC) | GIZ | সিরাজগঞ্জ পৌরসভা, সিরাজগঞ্জ | অক্টোবর ২০১৮ থেকে ডিসেম্বর ২০১৯ | সিরাজগঞ্জ পৌরসভার বস্তিবাসি নারীদের আয় বর্ধনমূলক কার্যক্রমে সক্রিয়করণের মাধ্যমে ক্ষমতায়ন করা ও বস্তি এলাকার মানুষের জীবনযাত্রা সহিষ্ণু বিকল্প তৈরি। |
| ০২. | অভিযাত্রা | পিকেএসএফ ও গণসাক্ষরতা অভিযান | কামারখন্দ, সিরাজগঞ্জ | মে ২০১৮ থেকে ডিসেম্বর ২০১৮ | ৩য়-৫ম শ্রেণির শিক্ষার্থীদের শিক্ষার মান উন্নয়ন, সুনাগরিক হিসেবে গড়ে তোলা এবং সকল শ্রেণি ও সম্প্রদ্রায়ের শিক্ষার্থীদের বিদ্যালয়ে ১০০% উপস্থিতি নিশ্চিত করা। |

## ইএসএল কর্তৃক প্রতিষ্ঠিত "ওয়ালিয়া শিমুল মহিলা সমবায় সমিতির দ্বিতীয় বার্ষিক সাধারণ সভা



*ওয়ালিয়া শিমুল মহিলা সমবায় সমিতির সভাপতি, লালপুর ইউএনও, এনডিপি'র চেয়ারপারসন ও নির্বাহী পরিচালক সমিতির বার্ষিক সাধারণ সভায়*

১৮ অক্টোবর ২০১৮ নাটোর জেলার লালপুর উপজেলা হাকিমুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ মাঠে ওয়ালিয়া শিমুল মহিলা সমবায় সমিতির দ্বিতীয় বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। ওয়ালিয়া শিমুল মহিলা সমবায় সমিতির সভাপতি রোকেয়া খাতুনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন লালপুর উপজেলা নির্বাহী অফিসার উম্মুল বানীন দ্যুতি। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন নাটোর জেলা সমবায় অফিসার এ.কে.এম নাজমুল হুদা, লালপুর উপজেলা সমবায় অফিসার ও উপজেলা প্রানি সম্পদ অফিসার, এনডিপি'র নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান ও চেয়ারপারসন আলেয়া আখতার বানু, ওয়ালিয়া ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আনিছুর রহমান মাষ্টার, হেইফার ইন্টারন্যাশনাল বাংলাদেশের সিনিয়র ম্যানেজার মো. ফরহাদ হোসেন ও প্রোগ্রাম অফিসার ডাঃ হারুনুর রশিদ, লালপুর উপজেলার হাকিমুন্নেছা বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ এর অধ্যক্ষ রকিবুল ইসলাম, ইইএস প্রকল্প সমন্বয়কারী মো. আবু আনেশ ইউসুফ। এছাড়া সমবায়ের প্রায় ৭০০ সদস্য উপস্থিত ছিলেন। প্রধান অতিথি গ্রামীণ নারীদের মূল স্রোতধারায় নিয়ে আসার জন্য সমবায় সমিতিটিকে ধন্যবাদ দেন এবং এক্ষেত্রে এনডিপি মূখ্য ভূমিকা পালন করায় তিনি এনডিপিকে প্রশংসা করেন। জেলা সমবায় অফিসার সমবায় সমিতির কার্যক্রমে সন্তুষ্ট হয়ে আগামী বছর শ্রেষ্ঠ সমবায় ঘোষণা করার প্রতিশ্রুতি ব্যক্ত করেন। এনডিপির নির্বাহী পরিচালক সমবায় সমিতিটিকে এনডিপির একটি সিস্টার কনসার্ন হিসেবে উল্লেখ করেন এবং প্রতিষ্ঠানটির সার্বিক উন্নয়নে সহযোগিতার আশ্বাস দেন।

## স্বাস্থ্যসেবা কর্মসূচির স্বাস্থ্য ক্যাম্পেইন



*সিরাজগঞ্জ নর্থ বেঙ্গল মেডিকেল কলেজের লেকচারার (বায়োকেমিস্ট্রি) বিশেষজ্ঞ ডাক্তার জাফরিন আখতার রোগী দেখছেন*

২৫ নভেম্বর ২০১৮ স্বাস্থ্যসেবা কর্মসূচি বাগবাড়ি শাখার উদ্যোগে একটি স্বাস্থ্য ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। এনডিপি প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত ক্যাম্পেইনটির মাধ্যমে নারীদের বিভিন্ন ধরনের স্বাস্থ্য বিষয়ক পরামর্শ দেওয়া হয়। ৪৫ জন রোগী সম্পূর্ণ বিনামূল্যে সেবাটি গ্রহণ করেন। সিরাজগঞ্জ নর্থ বেঙ্গল মেডিকেল কলেজের লেকচারার (বায়োকেমিস্ট্রি) বিশেষজ্ঞ ডাক্তার জাফরিন আখতার ক্যাম্পেইনটি পরিচালনা করেন। ডাক্তারকে সার্বিক সহযোগিতা করেন এনডিপির ২ জন স্বাস্থ্য সহকারি স্বপ্না মন্ডল ও মোছা. শোভা খাতুন। প্রতি ১ মাস অন্তর অন্তর এই ক্যাম্পেইনটি আয়োজন করা হয়। এনডিপির নিজস্ব অর্থায়নে পরিচালিত স্বাস্থ্যসেবা কর্মসূচির মাধ্যমে সিরাজগঞ্জ ও বগুড়া জেলায় এনডিপি বাস্তবায়িত ঋণ সহায়তা কর্মসূচির ১৭টি শাখার মাধ্যমে গ্রামীণ দু:স্থ নারীদের বিনামূল্যে এই সেবা প্রদান করা হচ্ছে।

## এক নজরে এনডিপি'র ঋণ সহায়তা কার্যক্রমের অগ্রগতি

এনডিপি উন্নয়ন সহযোগী সংস্থার সাথে বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন করার পাশাপাশি ১৯৯২ সাল থেকে ঋণ সহায়তা কর্মসূচি বাস্তবায়ন করছে। কর্মসূচিটি এনডিপি নিজস্ব ও পিকেএসএফ'র অর্থায়নে ৫৫টি শাখার মাধ্যমে পরিচালিত হচ্ছে। এনডিপি কর্তৃক অর্জিত বর্তমান চিত্র নিচের ছকে তুলে ধরা হলো:

| ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০১৮ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০১৮ | ক্রঃ নং | বিবরণ | ডিসেম্বর' ২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | শাখার সংখ্যা | ৫৫ | ৯ | মোট বকেয়া (কোটি টাকায়) | ১.৪২ | ১৭ | কর্মী ঃ ঋণী সদস্য | ১:২৬৮ |
| ২ | মোট সদস্য জন | ৯১৯৮৪ | ১০ | ঋণ আদায়ের হার | ৯৯.৯২% | ১৮ | সমিতি ঃ সদস্য | ১:১৭ |
| ৩ | ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরন (কোটি টাকায়) | ১৮০৮.৭৫ | ১১ | On Time Realization (OTR) | ৯৯.৪৮% | ১৯ | সমিতি ঃ ঋণী সদস্য | ১:১৩ |
| ৪ | ক্রমপুঞ্জিভূত ঋণ আদায় (কোটি টাকায়) | ১৬৯৫.১১ | ১২ | Liquidity Ratio | ১১.৬১% | ২০ | কর্মী ঃ ঋণ স্থিতি (লাখ টাকায়) | ১:৭৭ |
| ৫ | ঋণ স্থিতি (কোটি টাকায়) | ২১৩.৬৪ | ১৩ | Port folio At Risk | ০.৮৫% | ২১ | কর্মী ঃ সঞ্চয় স্থিতি (লাখ টাকায়) | ১:২৪ |
| ৬ | সদস্যদের সঞ্চয় স্থিতি (কোটি টাকায়) | ৬৫.৫৮ | ১৪ | Delinquent Ratio | ০.৬৬% | ২২ | ষ্টাফ ঃ ঋণী সদস্য | ১:১৫৫ |
| ৭ | ক্রমপুঞ্জিভূত নীট তহবিল (কোটি টাকায়) | ৮৮.৯২ | ১৫ | Debt : Equity | ১.৩৮:১ | | | |
| ৮ | ঋণী কভারেজ | ৮০.৩৪% | ১৬ | কর্মী ঃ সদস্য | ১:৩৩৩ | | | |

## সমৃদ্ধি কর্মসূচির বিশেষ সঞ্চয়কারীদের অনুদান প্রদান

১৩ নভেম্বর ২০১৮ সমৃদ্ধি কর্মসূচির আয়োজনে নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নে বিশেষ সঞ্চয় কার্যক্রমের অনুদান প্রদান করা হয়। পিকেএসএফ এর সহযোগিতায় পরিচালিত কর্মসূচিটির মাধ্যমে ইউনিয়নের দরিদ্র নারী প্রধান এবং প্রতিবন্ধী পরিবারকে বিশেষ সঞ্চয় কার্যক্রমে উদ্বুদ্ধ করে আয়বৃদ্ধিমূলক কাজের মাধ্যমে জীবনমান উন্নয়নের জন্য এই অনুদান প্রদান করা হয়। কার্যক্রমটির মাধ্যমে দরিদ্র পরিবারগুলোর সদস্য ব্যাংক একাউন্টের মাধ্যমে মাসিক নির্ধারিত হারে সঞ্চয় জমা করে থাকেন। দুই বছর একটানা জমানো সঞ্চয়ের সমপরিমান অনুদান ঐ পরিবারকে প্রদান করা হয়। তবে শর্ত হিসেবে সঞ্চয় এবং অনুদানের অর্থ আয়মূলক কাজে ব্যবহার করতে হবে। এরই অংশ হিসাবে ৫টি পরিবারকে মোট ৯৯,৩২৭/= টাকার চেক প্রদান করা হয়। অনুদান প্রদান অনুষ্ঠানের উদ্বোধন করেন গুরুদাসপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মনির হোসেন। তিনি বলেন- সমাজ ও দেশের উন্নয়নের জন্য সরকারের সকল কার্যক্রমের পাশাপাশি এনডিপি বিভিন্ন উন্নয়নমূলক কাজের মাধ্যমে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলছে। এলাকার অসহায় পরিবারকে উদ্বুদ্ধ করে বিশেষ সঞ্চয়ের মাধ্যমে একটি নির্দিষ্ট সময় পর সম-পরিমান অর্থ অনুদান দিয়ে আয়বৃদ্ধিমূলক কাজে আত্মনিয়োগের ব্যবস্থা করায় এনডিপিকে ধন্যবাদ জানান। এর ফলে শুধু অনুদানই নয়, সদস্যদের মাঝে গড়ে উঠছে সঞ্চয়ের মানসিকতা এবং আয়বৃদ্ধিমূলক কাজে অংশগ্রহণের সুযোগ ও সাহস। আরো বলেন, এনডিপি সমৃদ্ধি কর্মসূচি শুধু সঞ্চয়ই নয়- শিক্ষা, স্বাস্থ্য, ভিক্ষুক পুনর্বাসনসহ অনেকগুলো মানব উন্নয়নমূলক কাজ করছে। তিনি এই ধরনের উন্নয়নমূলক কাজে এনডিপি'র ন্যায় অন্যান্য সংস্থাকেও এগিয়ে আসার আহবান জানান। উক্ত অনুদান প্রদান অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন গুরুদাসপুর থানা অফিসার ইনচার্জ মো. সেলিম রেজা, মশিন্দা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান প্রভাষক মো. মোস্তাফিজুর রহমান, ইউপি সদস্যবৃন্দ এবং এনডিপির কর্মকর্তাবৃন্দ।



*গুরুদাসপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ মনির হোসেন এক সদস্যের হাতে অনুদানের চেক তুলে দিচ্ছেন*

## সিজিবিভি প্রকল্পের পথ নাটক প্রদর্শণ



২৪ অক্টোবর ২০১৮ সিজিবিভি প্রকল্পের উদ্যোগে পথ নাটক "সেলফি" অনুষ্ঠিত হয়। সিরাজগঞ্জ জেলার সদর উপজেলার সয়দাবাদ ইউনিয়নের মূলিবাড়ি গ্রামে ও কালিয়া হরিপুর ইউনিয়নের বনবাড়িয়া বাজারে নাটকটি মঞ্চস্থ হয়। "মর্যাদায় গড়ি সমতা, সমান সমান" স্লোগানকে সামনে রেখে জন সচেতনতা বাড়াতে নাটকটি আয়োজন করা হয়। নাটকটিতে দর্শক হিসেবে প্রায় ১ হাজার জন উপস্থিতি ছিলেন। উপস্থিত দর্শকদের বেশিরভাগই নারী। নাটকটি শেষ হলে উপস্থিত পুরুষ ও নারী দর্শকদের নিজেদের পরিবার সম্পর্কে জানতে চাইলে পুরুষ দর্শকদের মধ্যে অনেকে বলেন, এতদিন নারীদের কাজ ও সিদ্ধান্তকে খুব বেশি গুরুত্ব না দিয়ে ভুল করেছি। এখন থেকে পরিবারের সবাইকে নিয়ে সকল কাজে সিদ্ধান্ত গ্রহণ করব। নারীদের মধ্যে অনেকেই বলেন, আসলে আমরা আমাদের অধিকার সম্পর্কে জানতাম না। নাটকটি আমাদের চিন্তা চেতনাকে পাল্টে দিয়েছে। নাটকটি মঞ্চায়নের সময় এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান, এমজেএফ এর জেন্ডার এ্যাডভাইজার বনশ্রী মিত্র নিয়োগী, মিডিয়া এন্ড কমিউনিকেশন কো-অর্ডিনেটর শাহনাজ হুদা রঞ্জনা, সিজিবিভি প্রকল্পের প্রকল্প সমন্বয়কারী আকতারী বেগমসহ এনডিপি'র অন্যান্য কর্মকর্তা উপস্থিত ছিলেন।

## জেন্ডার এন্ড রাইটস্ কর্মসূচির সচেতনতামূলক পথ নাটক প্রদর্শণ

অক্টোবর থেকে ডিসেম্বর ২০১৮ পর্যন্ত জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির উদ্যোগে জন সচেতনতামূলক ৪টি নাটক প্রদর্শন করা হয়। কামারখন্দ উপজেলার ৪টি ইউনিয়নে এ নাটকগুলোর মাধ্যমে নারীর প্রতি নির্যাতন ও সহিংসতা প্রতিরোধে সচেতনতা বাড়াতে ও নির্যাতনের শিকার নারীকে আইনী সহায়তা প্রদানের লক্ষ্যে সিরাজগঞ্জ জেলার প্রসূন নাট্য থিয়েটার গ্রুপের পরিবেশনায় "এগিয়ে যাও" নাটক প্রদর্শন করা হয়। জেন্ডার এন্ড রাইট্স কর্মসূচির এই কার্যক্রমটির মাধ্যমে মূলত: বাল্যবিবাহ প্রতিরোধ, যৌতুকের কুফল, নারীর প্রতি সহিংসতা ও সহিংসতার শিকার নারী আইনী সহায়তা কিভাবে পাবে সে সম্পর্কে সচেতন করা হয়। গত ৩ মাসে প্রায় ১৫০০ জনের কাছে নাটকের মাধ্যমে এই বার্তাগুলো পৌছানো হয়।



## সমৃদ্ধি কর্মসূচির বিনামূল্যে ২০ জন দুস্থ রোগীর চোখের ছানী অপারেশন




২১ ডিসেম্বর ২০১৮ পিকেএসএফ'র সহযোগীতায় সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগে ২০ জন দুঃস্থ রোগীর বিনামূল্যে চোখের ছানী অপারেশন করা হয়। নাটোর জেলার গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নের দরিদ্র ও অতি দরিদ্র রোগীদের ছানী অপারেশনের জন্য ক্যাম্পটি আয়োজন করা হয়। সিরাজগঞ্জ বিএনএসবি চক্ষু হাসপাতালে নিবিড় তত্ত্বাবধানে বিশেষজ্ঞ চক্ষু ডাক্তারের মাধ্যমে অপারেশন কার্যক্রমটি পরিচালিত হয়। উল্লেখ্য, সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে গুরুদাসপুর উপজেলার মশিন্দা ইউনিয়নে এ পর্যন্ত ৯০ জন দুঃস্থ রোগীর বিনামূল্যে এই সেবা গ্রহণ করেছেন। কর্মসূচিটির মাধ্যমে চোখের ছানি অপারেশন ছাড়াও বিভিন্ন ক্যাম্পেইনের মাধ্যমে অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদান করা হয়।

## বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালন

১০ অক্টোবর ২০১৮ সিরাজগঞ্জ জেলা মানবাধিকার বিষয়ক সিএসও কোয়ালিশন এর আয়োজনে এবং এনডিপি কর্তৃক বাস্তবায়িত প্রতিবন্ধিতা ও উন্নয়ন কর্মসূচির উদ্দ্যোগে সিরাজগঞ্জ জেলায় ২৬তম বিশ্ব মানসিক স্বাস্থ্য দিবস পালন করা হয়। ইউএনডিপি'র সহায়তায় পরিচালিত কার্যক্রমটি সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয় হতে বর্ণাঢ্য র‌্যালির মাধ্যমে শুরু হয়ে জেলা শহরের বিভিন্ন জায়গা প্রদক্ষিণ শেষে আবার জেলা প্রশাসকের কার্যালয়ে এসে শেষ হয়। র‌্যালির শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক কামরুন নাহার সিদ্দীকা। র‌্যালি শেষে শহীদ শামসুদ্দিন সম্মেলন কক্ষে জেলা প্রশাসকের উপস্থিতিতে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ফিরোজ মাহমুদ, জেলা সিভিল সার্জন কার্যালয়ের মেডিকেল অফিসার ডা. সৌমিত্র বসাক, জেলা সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক মোসা. উম্মে কুলসুম, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক স্বপন কর্মকার। এছাড়া এনডিপির সহকারি পরিচালক (এমএন্ডই) কাজী মাসুদুজ্জামান, সমাজ কর্মী, সাংবাদিক, প্রতিবন্ধী ও প্রতিবন্ধীর অভিভাবক, শিক্ষক, ছাত্র/ছাত্রী, বিভিন্ন এনজিও প্রতিনিধি, পুলিশ প্রশাসন অংশগ্রহণ করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্যে এনডিপির সহকারি পরিচালক (এমএন্ডই) বলেন, মানুষের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ হচ্ছে মানসিক স্বাস্থ্য। অথচ আমরা এই মানসিক স্বাস্থ্যের প্রতি উদাসীন। সাধারনত: ১৪ বছর বয়সেই অর্ধেক মানুষের মানসিক সমস্যা শুরু হয়। কিন্তু তা নির্ণয় করা হয় না বা প্রতিকারের ব্যবস্থা নেওয়া হয় না। ১০ থেকে ১৯ বছর বয়সের প্রতি ৬ জনে ১ জন মানসিক অসুস্থতায় ভোগেন। তাই এখন থেকে আমাদের এ বিষয়ে অধিক গুরুত্ব দিয়ে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। সিরাজগঞ্জ সদর উপজেলা প্রতিবন্ধী কল্যাণ সমবায় সমিতির সহ-সভাপতি মোঃ আল আমিন শেখের সভাপতিত্বে প্রধান অতিথি মানসিক স্বাস্থ্যের বিকাশে নিয়মিত বিদ্যালয় ও কলেজসমূহে সিভিল সোসাইটি অর্গানাইজেশন ও ইউএনডিপিকে আরও বেশি প্রোগ্রাম আয়োজন করতে আহবান জানান। তিনি বলেন, মানসিক সমস্যার কারণে অনেক কিশোর-কিশোরীই আত্মহত্যার পথ বেছে নিচ্ছে। কিন্তু এটা হতে দেওয়া যায় না। এজন্য আমাদের আরো দায়িত্ব নিতে হবে। আমাদেরকে আরো বেশি সচেতন হয়ে মানসিক স্বাস্থ্য নিয়ে কাজ করতে হবে। তাহলে এই সমস্যা থেকে পরিত্রাণ সম্ভব। সভায় দিবসের প্রবন্ধ উপস্থাপন করেন এডিডি ইন্টারন্যাশনাল এর প্রোগ্রাম এ্যাসোসিয়েট নিলুফা ইয়াসমিন।




## প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ




১৮ নভেম্বর ২০১৮ সিরাজগঞ্জ জেলার রায়গঞ্জে প্রতিবন্ধীদের মাঝে সহায়ক উপকরণ বিতরণ করা হয়। প্রপার্টি কেয়ার সার্ভিস ঢাকা বাংলাদেশ এর সহযোগিতায় রায়গঞ্জ উপজেলার ১২ জন দৃষ্টি প্রতিবন্ধীকে সাদা ছড়ি এবং পক্ষাঘাতগ্রস্থ ৩ জনকে এই উপকরণসমূহ দেওয়া হয়। স্ট্রোক আক্রান্ত বীর মুক্তিযোদ্ধা মো. আব্দুর রাজ্জাক রজব ও বীর মুক্তিযোদ্ধা মো. নুরুল ইসলাম এবং সিরাজগঞ্জ সদর উপজেলার সেরিব্রাল পালসিতে আক্রান্ত মো. তৌহিদকে হুইল চেয়ার প্রদান করা হয়। বিতরণ অনুষ্ঠানে এনডিপির নির্বাহী পরিচালক মো. আলাউদ্দিন খান, রায়গঞ্জ উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. ইলিয়াস হাসান শেখ এবং রেজিষ্ট্রেশন অফিসার জেলা সমাজসেবা কার্যালয়, প্রপার্টি কেয়ার সার্ভিস ঢাকার প্রতিনিধি সিনিয়র নির্বাহী অপারেশন শাহ নাইমত উল্লাহ (নোমান), সিনিয়র নির্বাহী মোছা. শামীমা আক্তার, সিনিয়র ম্যানেজার এইচআরডি শারমীন সুলতানা, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার মোহাম্মদ মহি উদ্দীন খান এবং সাইট কো-অর্ডিনেটর মো. রফিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

## সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির উদ্যোগে ঐতিহ্যবাহী লাঠি খেলা



২৮ অক্টোবর ২০১৮ পিকেএসএফ'র সহযোগীতায় সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার শহীদুল বুলবুল কারিগরি কলেজ মাঠে গ্রাম বাংলার সুপরিচিত ঐতিহ্যবাহী লাঠি খেলা প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতায় উপজেলার বীর ভদ্রঘাট গ্রামের হাকিম লাঠিয়ালের নেতৃত্বে প্রায় ২৫-৩০ জন, বাগবাড়ী গ্রামের শুকুর লাঠিয়ালের নেতৃত্বে প্রায় ২৫-৩০ জন এবং পাকুরিয়া গ্রামের মোবারক লাঠিয়ালের নেতৃত্বে প্রায় ২৫-৩০ জন লাঠি খেলোয়াড় অংশ নেন। অংশগ্রহণকারি খেলোয়াড়বৃন্দ নরি খেলা, ২ লাঠি খেলা, ৪ লাঠি খেলা, বানুটি খেলা, শরকী খেলা, বাঐ ঝাঁক খেলা, ছুরি খেলাসহ বিভিন্ন আকর্ষণীয় খেলা প্রদর্শন করেন। প্রতিযোগিতায় কামারখন্দ উপজেলা ক্রীড়া সংস্থার সম্পাদক মো. আনোয়ার হোসেন খান উপস্থিত ছিলেন। এছাড়া এনডিপির পরিচালক (কর্মসূচি) মোহা. শাহ্ আজাদ ইকবাল, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ, প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন খেলা পরিচালনা কমিটির সভাপতি ও কামারখন্দ উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান মো. আব্দুল মান্নান শেখ। খেলায় সার্বিক সহযোগিতা ও সঞ্চালনার দায়িত্বে ছিলেন সাংস্কৃতিক ও ক্রীড়া কর্মসূচির 'কর্মসূচি কর্মকর্তা' মো. ফজল করিম। গ্রাম বাংলার সর্বস্তরের মানুষকে সামাজিক ও সাংস্কৃতিক কর্মকান্ডের সাথে সম্পৃক্ত করে খেলাধুলার পাশাপাশি সুস্থ বিনোদন ও আনন্দ আয়োজনের মধ্য দিয়ে মানসিক বিকাশ ঘটানোই কর্মসূচির লক্ষ্য।


### কনফারেন্স রুম ও ট্রেনিং রুম ভাড়া

- সভা কক্ষ (এসি) : ৮,০০০.০০ টাকা প্রতিদিন
- প্রশিক্ষণ কক্ষ (এসি) :৪,০০০.০০ টাকা প্রতিদিন

### খাদ্য

| | | |
|---|---|---|
| সকালের নাস্তা | : | ৬০ টাকা (রুটি/পরটা/খিচুড়ি, মিক্সড ভেজিটেবল/ডাল, ডিম ও চা) |
| লাঞ্চ/ডিনার | : | (১৬০ টাকা প্লেন রাইস, চিকেন/মাটন/ফিস, মিক্সড ভেজিটেবল এবং ল্যান্টল সুপ) |
| নাস্তা | : | ৩০ টাকা (সিঙ্গারা/সামুচা, কেক ও চা) |
| চা | : | ১০ টাকা (প্রতি কাপ) |
| কফি | : | ২০ টাকা (প্রতি কাপ) |
| কোমল পানীয় | : | ৪৫ টাকা (৩০০ মিলি ক্যান)/ ২০ টাকা (২৫০ মিলি বোতল) |
| দই | : | ৪০ টাকা (১০০ গ্রাম) |
| মিনারেল ওয়াটার | : | ১৫ টাকা (৫০০ মিলি বোতল) |

সরকারি বিধি মোতাবেক ভ্যাট ও সার্ভিস চার্জ যুক্ত হবে।
আলোচনা সাপেক্ষে যে কোন স্পেশাল ডিস সার্ভ করা হয়।

### ডাইনিং সুবিধা

৯০ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন একটি সুসজ্জিত ডাইনিং রুম এবং ৩৬ জন গেষ্ট ধারণ ক্ষমতা সম্পন্ন শীততাপ নিয়ন্ত্রিত একটি ডাইনিং রুম।

### ডরমেটরী

| | | |
|---|---|---|
| সাধারণ নন এসি | : | ৬০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| এসি (ভিআইপি) | : | ১০০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| ডিলাক্স (এসি) | : | ১,৫০০.০০ টাকা (ডাবল বেড) পার ওভারনাইট |
| লাক্সারি (এসি) | : | ১,২০০.০০ টাকা (সিঙ্গেল বেড) পার ওভারনাইট |

### বুকিং সুবিধা ঃ

প্রশিক্ষণ সুবিধার জন্য ১৫ দিন আগে বুকিং করা যায়। লিখিত বুকিং অগ্রাধিকার দেওয়া হয়। ই- মেইলেও যোগাযোগ করা যেতে পারে। বুকিং বাতিল করতে ন্যূনতম ৭ দিন আগে জানাতে হবে।

### অন্যান্য সুবিধা ঃ

- কম্পিউটার / ল্যাপটপ
- মাল্টিমিডিয়া প্রোজেক্টর
- সাউন্ড সিস্টেম
- ইন্টারনেট
- টেলিফোন
- ফটোকপি ও বাইন্ডিং
- গাড়ি ভাড়া



### যোগাযোগ ঃ

ব্যবস্থাপক (প্রশিক্ষণ কেন্দ্র)

এনডিপি প্রধান কার্যালয়, বাগবাড়ি, শহীদ নগর, কামারখন্দ, সিরাজগঞ্জ-৬৭০৩
টেলিফোন: ০৭৫১-৬৩৮৭৬, মোবাইল ঃ ০১৭১৩-৩৮৩১০৬, ফ্যাক্স: +৮৮-০৭৫১-৬৩৮৭৭
ই-মেইল: akhan_ndp@yahoo.com, ওয়েবসাইট : www.ndpbd.org